গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

**নম্বর:** ১৪.০০.০০০০.০১১.০৬.০০১.২৩.১০৫৯

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন ডাক অধিদপ্তরের ডাক ক্যাডার কর্মকর্তাগণের ব্যক্তিগত ও চাকরি সংক্রান্ত তথ্যের কোনো ডিজিটাল তথ্যভান্ডার (ডাটাবেজ) নেই। ডাক কর্মকর্তাগণের ব্যক্তিগত ও চাকরি সংক্রান্ত তথ্যসমূহ বিভিন্ন জায়গায় ছড়িয়ে-ছিটিয়ে থাকার কারণে প্রশাসনিক মন্ত্রণালয় তথা এ বিভাগের ডাক ক্যাডারের কর্মকর্তাগণের বিষয়ে কোনো সিদ্ধান্ত গ্রহণের অধিকাংশ ক্ষেত্রে দীর্ঘসূত্রিতা হয় ও জটিলতা সৃষ্টি হয়। এছাড়া, কর্মকর্তাগণের তথ্যে অসামাঞ্জস্যতা পরিলক্ষিত হয়, হালনাগাদ তথ্য পাওয়া যায় না, স্বচ্ছতার অভাব দেখা দেয়, হার্ড নথি হারিয়ে যাওয়ার সম্ভাবনা তৈরি হয় এবং সময় ও অর্থের অপচয় হয়। এ সমস্যা সমাধানের লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক 'বিসিএস ডাক ক্যাডারগণের ডাটাবেজ ব্যবস্থাপনা (বিপিসিডিএস)' নামক সফট্ওয়্যার প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। 'বিপিসিডিএস' সফটওয়্যার ডাক কর্মকর্তাগণের বিষয়ে সঠিক, তড়িৎ ও যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণে ভূমিকা রাখার পাশাপাশি ভবিষ্যতে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার নিশ্চিতের মাধ্যমে ডেটা ড্রিভেন (তথ্য-উপাত্ত ভিত্তিক) সিদ্ধান্ত গ্রহণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। রিয়েল টাইম তথ্য হালনাগাদের মাধ্যমে হালনাগাদ তথ্য ও স্বচ্ছতার অভাব দূরীভূত হবে। 'বিপিসিডিএস' সফ্টওয়্যারে অনেকগুলো মডিউল রয়েছে যেখানে প্রথমে এনআইডি ভেরিফিকেশনের মাধ্যমে কর্মকর্তাগণের প্রাথমিক তথ্য সফট্ওয়্যারে অন্তর্ভুক্ত করা হবে। কর্মকর্তাগণের ব্যক্তিগত তথ্য, পারিবারিক তথ্য, ঠিকানা সংক্রান্ত তথ্য, চাকরি সংক্রান্ত তথ্য, শিক্ষা সংক্রান্ত তথ্য, বিশেষ গুণাবলি, প্রশিক্ষণ, বিদেশ ভ্রমণ ও বিভাগীয় মামলা বিষয়ক মডিউল থাকবে। এ সকল বিষয়সমূহ সহজ করার লক্ষ্যে 'ই-গভর্নান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী 'বিসিএস ডাক ক্যাডারগণের ডাটাবেজ ব্যবস্থাপনা (বিপিসিডিএস)' নামে একটি সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে সফটওয়্যারটির লিংক এ বিভাগের ওয়েবসাইটে (http://139.162.30.73:8008/dashboard/) স্থাপন করা হয়েছে।

২। এমতাবস্থায়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা 'বিসিএস ডাক ক্যাডারগণের ডাটাবেজ ব্যবস্থাপনা (বিপিসিডিএস)' ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-০৫-২০২৪
র. হ. ম. আলাওল কবির
সিনিয়র সহকারী সচিব
০১৭১১৫৭০৫৬৪ (ফোন)
০২-৯৫১৫৫৯৯ (ফ্যাক্স)
alaol.kabir@gmail.com

নম্বর: ১৪.০০.০০০০.০১১.০৬.০০১.২৩.১০৫৯/১ (৮)

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডাক অধিদপ্তর;
৩। যুগ্ম সচিব (ডাক), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
৪। উপসচিব, ডাক-১, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;

৫। সচিবের একান্ত সচিব (উপসচিব), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
৬। সিনিয়র সহকারী সচিব, ডাক-২ শাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
৭। প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং
৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

১৫-০৫-২০২৪
র. হ. ম. আলাওল কবির
সিনিয়র সহকারী সচিব